

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৪

২০১৪ সনের ০৩ নং আইন

[২৪ জুন, ২০১৪]

২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

২০১৩-২০১৪ অর্থ
বৎসরের জন্য সংযুক্ত
তহবিল হইতে
৮০৬৬,২৫,৭৯,০০০
(আট হাজার ছিষটি
কোটি পঁচিশ লক্ষ
উনআশি হাজার)
টাকা প্রদান

২। ২০১৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৮০৬৬,২৫,৭৯,০০০ (আট হাজার ছিষটি কোটি পঁচিশ লক্ষ উনআশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
	রাষ্ট্রপতির কার্যালয়	৩৭,৬৩	০	৩৭,৬৩
০১	জাতীয় সংসদ	৫,৫৩,২৪	-৪,১৮,০০	১,৩৫,২৪
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	৫,৪৩,৮৩	৫,৪৩,৮৩
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	২,৫১,১৭	২,৫১,১৭
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	০	৭৬,৪৭,৩৫	৭৬,৪৭,৩৫
	সরকারি কর্ম কমিশন	১,৯৫,৫২	০	১,৯৫,৫২
	অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	১,৩৯,৪১	০	১,৩৯,৪১
০৮	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	৪৪০,৯৮,৬০	৪৪০,৯৮,৬০
১৩	বাণিজ্য মন্ত্রণালয়	০	৮৪,৬২,২২	৮৪,৬২,২২
১৫	প্রতিরক্ষা মন্ত্রণালয়	-১০১৫,৯৫	৭১৫,১৬,৮৫	৭০৫,০০,৯০
১৭	আইন ও বিচার বিভাগ	০	২৯,৪৩,৫০	২৯,৪৩,৫০
১৮	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	১৪৪১,৩৬,৮১	১৪৪১,৩৬,৮১
২০	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	৩১,২৫,৯৭	৩১,২৫,৯৭
২১	শিক্ষা মন্ত্রণালয়	০	১১৯৩,৮৪,৩৬	১১৯৩,৮৪,৩৬
২২	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০	৫১৩,৬৯,৪৫	৫১৩,৬৯,৪৫
২৩	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০	৪৮৪,০৯,৮১	৪৮৪,০৯,৮১
২৪	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	০	৪৩০,৪৭,২৩	৪৩০,৪৭,২৩
২৭	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৫,৩৭,৯৮	৫,৩৭,৯৮
২৯	তথ্য মন্ত্রণালয়	০	৫৪,৮৭,৭৬	৫৪,৮৭,৭৬

১	২	৩	৪	৫
৩১	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৩৩,৮২,২৭	৩৩,৮২,২৭
৩২	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	১২০,৭৩,৩৭	১২০,৭৩,৩৭
৩৩	স্থানীয় সরকার বিভাগ	০	৩৬২,৪২,৮৩	৩৬২,৪২,৮৩
৩৪	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৩৪৯,১৬,১১	৩৪৯,১৬,১১
৩৫	শিল্প মন্ত্রণালয়	০	২৯৫,১১,৯১	২৯৫,১১,৯১
৩৬	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৪৭৪,৭২,১০	৪৭৪,৭২,১০
৩৮	কৃষি মন্ত্রণালয়	০	৯,৪৩,৯২	৯,৪৩,৯২
৩৯	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	০	৫,১২,২৩	৫,১২,২৩
৪০	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	৮০,৯২,২৭	৮০,৯২,২৭
৪২	পানি সম্পদ মন্ত্রণালয়	০	১৭৮,৩৬,৩৭	১৭৮,৩৬,৩৭
৪৫	সড়ক বিভাগ	০	১৯১,০২,৪৭	১৯১,০২,৪৭
৪৭	নৌ-পরিবহন মন্ত্রণালয়	০	৪৫,০৬,৮৩	৪৫,০৬,৮৩
	সুপ্রীম কোর্ট	১১,৩৯,৪৫	০	১১,৩৯,৪৫
৫৩	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	৩৭৫,৬৬,৫৭	৩৭৫,৬৬,৫৭
৫৪	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	১৯,০০,৫৪	১৯,০০,৫৪
৫৫	দুর্নীতি দমন কমিশন	০	৯,৭১,৮১	৯,৭১,৮১
	মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী	১০,৪৯,৩০	৮০৫৫,৭৬,৪৯	৮০,৬৬,২৫,৭৯